

অধ্যক্ষ ও সহকারী প্রধান নিয়োগে অভিজ্ঞতার শর্ত বাতিল

নিজস্ব প্রতিবেদক

০৮ মার্চ ২০২৬, ১২:০০ এএম



বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে অধ্যক্ষ ও সহকারী প্রধান পদে নিয়োগের ক্ষেত্রে পূর্বের অভিজ্ঞতার শর্ত বাতিল করায় শিক্ষা মন্ত্রণালয়কে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়েছে বাংলাদেশ শিক্ষা অধিকার পরিষদ। গত ১ মার্চ শিক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত এক সভায় শিক্ষামন্ত্রী ড. আনাম হুসেইন হক মিলন এবং শিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ সংশ্লিষ্ট বিষয়ে সিদ্ধান্ত নেন বলে সংগঠনটির এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) গত ২৯ জানুয়ারি অষ্টম এনটিআরসিএ নিয়োগ পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশ করে। সেখানে ২০২৬ সালের নিয়োগে (প্রতিষ্ঠানপ্রধান ও সহকারী প্রধান) অধ্যক্ষ পদে (স্নাতক পাস কলেজ) নিয়োগের ক্ষেত্রে পূর্বে নির্ধারিত ৩ বছরের উপাধ্যক্ষ হিসেবে অভিজ্ঞতার শর্ত বাতিল করা হয়েছে।

সংগঠনটির মতে, দীর্ঘদিন ধরে শিক্ষকসমাজ এই বৈষম্যমূলক শর্ত বাতিলের দাবি জানিয়ে আসছিল। নতুন সিদ্ধান্তের ফলে যোগ্যতার ভিত্তিতে নিয়োগের সুযোগ তৈরি হবে এবং শিক্ষক নিয়োগব্যবস্থায় সমতা প্রতিষ্ঠা পাবে। বাংলাদেশ শিক্ষা অধিকার পরিষদের কেন্দ্রীয় কমিটির সভাপতি অধ্যক্ষ বাহাউদ্দিন বাবর এবং সাধারণ সম্পাদক ড. মো. এমদাদুল ইসলাম যৌথ বিবৃতিতে বলেন, এই সিদ্ধান্ত দেশের শিক্ষকসমাজের দীর্ঘদিনের একটি ন্যায্য দাবি পূরণ করেছে।

তারা আশা প্রকাশ করে বলেন, শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলনের নেতৃত্বে শিক্ষা ক্ষেত্রে আরও ইতিবাচক ও যুগোপযোগী সিদ্ধান্ত গ্রহণ করা হবে, যা দেশের শিক্ষাব্যবস্থাকে এগিয়ে নিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। সংগঠনটির পক্ষ থেকে শিক্ষামন্ত্রী ও শিক্ষা প্রতিমন্ত্রীকে আন্তরিক ধন্যবাদ ও অভিনন্দন জানানো হয়।